



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৬.২৩.৫০৪১

২৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

- সূত্র: (১) নং বামাশিবো/প্রশা/২৩১২৩১৩৪০৪৯১/৮২০৬৪/নথি নং -১৩৬, তারিখ ২৯/০৮/২০২৩খ্রি.
(২) ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৫.২৩.৫০৩২, তারিখ: ১৩/০৯/২০২৩খ্রি.
(৩) ০৫.৪৬.৯১৯৪.০০০.০৬.০০১.১৬.৯২৫, তারিখ: ২৯/১০/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার জকিগঞ্জ উপজেলাধীন চাপঘাট রহিমপুর সুন্নি দাখিল মাদ্রাসার (ইআইআইএন নম্বর: ১৩৪০৪৯) এডহক কমিটি সূত্রোক্ত ০১নং স্মারকে অনুমোদন দেয়া হয়। অনুমোদিত এডহক কমিটির সভাপতি জনাব ছালিক আহমদ একজন বিতর্কিত, সুদখোর এবং বিভিন্ন অপকর্মের সাথে জড়িত মর্মে জনাব পারভেজ আহমদ বোর্ডে একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক একটি তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ, সিলেট-কে সূত্রোক্ত ০২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ, সিলেট সূত্রোক্ত ০৩নং স্মারকে একটি তদন্ত প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অভিযোগ প্রমাণিত হয়েছে।

বর্ণিত অবস্থায়, সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত এডহক কমিটির সভাপতির পদ কেন বাতিল করা হবেনা তার সন্তোষজনক জবাব ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৯-১১-২০২৩
মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি, এডহক কমিটি, চাপঘাট রহিমপুর সুন্নি দাখিল মাদ্রাসা, জকিগঞ্জ, সিলেট এবং

২। সুপার, চাপঘাট রহিমপুর সুন্নি দাখিল মাদ্রাসা, জকিগঞ্জ, সিলেট।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৬.২৩.৫০৪১/১ (৭)

তারিখ: ২৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট;
- ২। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, সিলেট;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জকিগঞ্জ, সিলেট;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, জকিগঞ্জ, সিলেট;
- ৫। জনাব পারভেজ আহম (অভিযোগকারী), জকিগঞ্জ, সিলেট;
- ৬। ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, শাখা, জকিগঞ্জ, সিলেট এবং
- ৭। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



০৯-১১-২০২৩
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার